



Bangladesh Supreme Court Bar Association

Dhaka-1000, Phone: +88-02-9559626, 9565545, Fax: +88-02-9570133, E-mail: scba.bd@gmail.com, Web : www.scba.org.bd

Ref :

Date :

২১/০২/২০২৪

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি নির্বাচন ২০২৪-২০২৫ উপলক্ষ্যে সকল প্রার্থী এবং সদস্যদের নিম্নলিখিত কার্যক্রম **Election Rules, 2001** অনুসারে যথাযথ ভাবে পালন/অনুসরণ করার জন্য অবহিত করা হলো।

- ১। নির্বাচনী তফসিল ঘোষণার তারিখ থেকে নির্বাচন অনুষ্ঠানের পূর্বদিন পর্যন্ত সুপ্রীম কোর্ট এলাকায় কোন প্রকার ক্যাম্প, প্যান্ডেল, তাঁবু ইত্যাদি তৈরি করা হবে না এবং করা যাবে না। তবে নির্বাচনের ২ (দুই) দিন নির্বাচন সাব-কমিটির অনুমোদনে তা করা যাবে।
- ২। নির্বাচনী প্রচার কার্যক্রমে সুপ্রীম কোর্ট এলাকায় কোন প্রার্থী বা প্রার্থীগণের পক্ষে কোন প্রকার প্যানেল তৈরি ও মুদ্রিত প্যানেল পরিচিতিপত্র বিতরণ করা যাবে না।
- ৩। প্রার্থী পরিচিতির জন্য সুপ্রীম কোর্ট এলাকায় কোন প্রকার ব্যানার, ফেস্টুন, পোস্টার টাঙ্গানো যাবে না।
- ৪। নির্বাচন সাব-কমিটির অনুমতি সাপেক্ষে প্রত্যেক প্রার্থীর পক্ষে নির্বাচন প্রচার কার্যক্রমে অংশ নেয়ার জন্য অত্র বারের নির্দিষ্ট সংখ্যক সদস্য (ভোটার) নির্বাচনী প্রচারে অংশ গ্রহণ করতে পারবেন। প্রার্থীর পক্ষে কোন প্রকার র্যালি, মিছিল করা যাবে না (তবে ২৫/০২/২০২৪ ইং থেকে ৪/০৩/২০২৪ ইং তারিখ পর্যন্ত দুপুর ১টা থেকে ২টা পর্যন্ত নির্বাচন বিধি মেনে র্যালি করা যাবে)। অত্র বারের সদস্য ব্যতিত অন্য কোন ব্যক্তি র্যালি/প্রচারণায় অংশ নিতে পারবে না।
- ৫। নির্বাচন সাব-কমিটির অনুমোদন ব্যতিত কোন ভোটার নির্বাচনের প্রার্থী/প্রার্থীগণের পক্ষে নির্বাচনী প্রচারণায় অংশ গ্রহণ করতে পারবেন না। ভোট গণনার সময় প্রার্থী এবং তার মনোনীত এজেন্ট ছাড়া কোন বিজ্ঞ সদস্য বা বহিরাগত কেউই গণনা কক্ষে কোন অবস্থায় প্রবেশ করতে পারবেন না।
- ৬। ৬ ও ৭শে মার্চ, ২০২৪ ইং তারিখে নির্বাচনের দুই দিন সুপ্রীম কোর্ট এলাকায় কোন প্রকার প্রচার প্রচারণা করা যাবে না। নির্বাচন শুরু থেকে ভোট গণনা এবং ফলাফল ঘোষণা পর্যন্ত সিসি ক্যামেরার ব্যবস্থা থাকবে।
- ৭। নির্বাচনী তফসিল ঘোষণার তারিখ হতে ফলাফল ঘোষণা পর্যন্ত সুপ্রীম কোর্ট এলাকায় নির্বাচনের প্রার্থী বা প্রার্থীগণের পক্ষে হলরুম, মহিলা আইনজীবীদের কমনরুম, এডভোকেট লাউন্ডজ, কিউবিক্যালসে বাহির থেকে আনা কোন প্রকার খাবার, প্যাকেট সরবরাহ করা যাবে না। এই সময়ের মধ্যে সম্মানিত সদস্যগণের পারিবারিক বা ব্যক্তিগত কোন অনুষ্ঠান যথা বিবাহ বার্ষিকী ও জন্মদিনসহ কোন প্রকার অনুষ্ঠান বা অনুষ্ঠানের নামে খাওয়া দাওয়ার ব্যবস্থা করা যাবে না।



Bangladesh Supreme Court Bar Association

Dhaka-1000, Phone: +88-02-9559626, 9565545, Fax: +88-02-9570133, E-mail: scba.bd@gmail.com, Web : www.scba.org.bd

Ref :

Date :

পাতা- ২

- ৮। বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ হতে ০৭/০৩/২০২৪ ইং তারিখ পর্যন্ত সুপ্রীম কোর্ট ক্যাম্পাসে কোন প্রকার ব্যক্তি, সমিতি, প্রতিষ্ঠানের উদ্যোগে কোন অনুষ্ঠান করা যাবে না এবং কোন প্রকার খাবার প্রদান ও গ্রহণ করা যাবে না।
- ৯। নির্বাচন ফলাফল ঘোষণা পর্যন্ত কমিশন কর্তৃক নির্দিষ্ট ব্যক্তি ব্যতীত প্রার্থীদের পক্ষে অন্য কেউ ভোট চাইতে পারবেন না।
- ১০। নির্বাচনের প্রচার কার্যে প্রার্থী/প্রার্থীগণের পক্ষে প্রচারণার উপকরণ হিসেবে টাই, পকেটব্যাগ, রুমাল, টুপি, টি শার্ট, মাথাবন্ধনী মাস্ক ইত্যাদি ব্যবহার করা যাবে না।
- ১১। নির্বাচনের দিন প্রার্থী/প্রার্থীগণের পক্ষে ভোটার আনা-নেয়ার কাজে কোন প্রকার যানবাহন সুপ্রীম কোর্ট এলাকায় প্রবেশ করবে না।

অত্র বিজ্ঞপ্তির সাথে সংযুক্ত নির্বাচন বিধিমালা অমান্য করা হলে সংশ্লিষ্ট ব্যক্তিদের ক্ষেত্রে বিধিতে বর্ণিত প্রতিকার মূলক ব্যবস্থা গ্রহণ করা হবে, যেমন :

- ক) নির্বাচনে প্রার্থীদের ক্ষেত্রে প্রার্থী / প্রার্থীগণের Nomination Paper বাতিল করা হবে।
- খ) সুপ্রীম কোর্ট বার এসোসিয়েশনের সদস্যদের ক্ষেত্রে সদস্যপদ স্হগিত করে সদস্যপদ স্হগিত আদেশ ৩ (তিন) মাসের জন্য কার্যকর করার জন্য এসোসিয়েশনের কার্যকরী কমিটির নিকট প্রেরণ করা হবে।
- গ) বার কাউন্সিলের তালিকাভুক্ত এডভোকেটদের ক্ষেত্রে বার কাউন্সিল বিধিমালা অনুসারে ব্যবস্থা গ্রহণ করার জন্য বার কাউন্সিলে প্রেরণ করা হবে।
- ঘ) আইনজীবী নন এমন ব্যক্তিদের ক্ষেত্রে যথাযথ আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য আইন প্রয়োগকারী সংস্থার কাছে হস্তান্তর করা হবে।

এতদসঙ্গে **Election Rules, 2001** এর কপি সকলের অবগতির জন্য সংযোজন করা হলো।

(বীর মুক্তিযোদ্ধা আবুল খায়ের)

আহবায়ক

নির্বাচন সাব-কমিটি ২০২৪-২৫

বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি।